গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.৭৫০০.০৪২.১৪.০৮৬.১৭.২০২৫

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮
২৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **২০১৯-২০২০ অর্থ বছরে নোয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় স্কিম বাস্তবায়ন।**

সূত্র: ১. জেলা পরিষদ, নোয়াখালী এর স্মারক ৪৬.৪২.৭৫০০.০০২.১২.০২৬.২০-৫৪৩, তারিখ: ১৫ জুলাই ২০২১;
২. জেলা পরিষদ, নোয়াখালী এর স্মারক ৪৬.৪২.৭৫০০.২০২.১২.০২৬.২০.৫৪৪, তারিখ: ১৫ জুলাই ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলা পরিষদের ২০১৯-২০২০ অর্থ বছরের **রাজস্ব তহবিলের আওতায়** নিম্নবর্ণিত দু'টি স্কিমের প্রস্তাব প্রেরণ করা হয়েছে:

| ক্রমিক | স্কিমের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ৫৮. | জেলা পরিষদ স্কুল এন্ড কলেজের ভবন নির্মাণ | ৬০.০০ (ষাট)লক্ষ টাকা |
| ৬১. | নিঝুম দ্বীপস্থ জেলা পরিষদ ডাকবাংলো পুনঃ নির্মাণ, সংস্কার, আসবাবপত্র ক্রয়, সংযোগ সড়ক তৈরী | ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা |
| ৬২. | জেলা পরিষদ কলোনী ও জেলা পরিষদের কলেজের রাস্তা সংস্কার | ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা |

২। উল্লেখ্য, প্রস্তাবিত স্কিমসমূহের মধ্যে ৫৮ ও ৬২ নং ক্রমিকের স্কিমে বর্ণিত জেলা পরিষদ স্কুল এন্ড কলেজের পূর্ণাঙ্গ তথ্য জানা প্রয়োজন। সূত্রস্থ ১ নং স্মারকে নোয়াখালী জেলার সদর উপজেলায় কলেজিয়েট স্কুল (নিম্ন মাধ্যমিক বিদ্যালয়) এর তথ্য প্রেরণ করা হয়েছে। কিন্তু, স্কুলকে জেলা পরিষদ স্কুল এন্ড কলেজ হিসেবে নামকরণের কোন তথ্য পাওয়া যায়নি।

৩। অপরদিকে, ৬১ নং স্কিমে বর্ণিত ৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত 'নিঝুম দ্বীপস্থ জেলা পরিষদ ডাকবাংলো পুনঃ নির্মাণ, সংস্কার, আসবাবপত্র ক্রয়, সংযোগ সড়ক তৈরী' স্কিমটির প্রয়োজনীয়তা রয়েছে কিনা, তাও জানা প্রয়োজন।

৪। এমতাবস্থায়, জেলা পরিষদ স্কুল এন্ড কলেজ (প্রাক্তন কলেজিয়েট স্কুল)টি জেলা পরিষদ কর্তৃক পরিচালিত হচ্ছে কিনা এবং ৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৬১নং স্কিম বাস্তবায়নের প্রয়োজন রয়েছে কিনা, তা যাচাই করে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৯-২০২১
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
ইমেইল: lgzp@lgd.gov.bd

উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের
কার্যালয়, নোয়াখালী

স্মারক নম্বর: ৪৬.০০.৭৫০০.০৪২.১৪.০৮৬.১৭.২০২৫/১(৭)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮
২৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ


৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ

৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

৭) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



২৭-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব